

পরীক্ষা

এসএসসি ও সমমান

এসএসসিতে এবার পরীক্ষার্থী কমেছে ২ লাখ ২১ হাজার

এসএসসি ও সমমানের পরীক্ষার জন্য ২১ দিন দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে। এবার বেলা ১১টায় পরীক্ষা শুরু।

- এসএসসি ও সমমান পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২০ লাখ ২১ হাজার ৮৬৮ জন।
- ৩ হাজার ৭৯০টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিশেষ প্রতিবেদক ঢাকা



ফাইল ছবি

করোনা ও বন্যার কারণে দীর্ঘদিন আটকে থাকার পর চলতি বছরের এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে ১৫

সচিবালয়ে গতকাল সোমবার এসএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। এতে পরীক্ষাসংক্রান্ত নানা বিষয় তুলে ধরেন শিক্ষামন্ত্রী দীপু মনি।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এ বছর ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে এসএসসি ও সমমান পরীক্ষায় মোট পরীক্ষার্থী ২০ লাখ ২১ হাজার ৮৬৮ জন। ৩ হাজার ৭৯০টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। মোট পরীক্ষার্থীর মধ্যে সাধারণ শিক্ষা বোর্ডগুলোর অধীন শুধু এসএসসি পরীক্ষার্থী প্রায় ১৬ লাখ।

বিজ্ঞাপন

পরীক্ষার্থী কমে যাওয়ার কারণ জানতে চাইলে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকার প্রথম আলোকে বলেন, প্রতিবছরই নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে মোট পরীক্ষার্থীর সংখ্যা নির্ধারণ করা হয়। কিন্তু করোনার কারণে গত বছর মাত্র তিনি বিষয়ে পরীক্ষা হয়েছিল। তখন ৯৩ শতাংশের বেশি পরীক্ষার্থী পাস করেছিল। ফলে এ বছর অনিয়মিত পরীক্ষার্থী একেবারেই কম। আবার প্রতিবছরই কিছুসংখ্যক শিক্ষার্থী নিবন্ধন করেও পরীক্ষা দেয় না।

এবার বেলা ১১টায় পরীক্ষা শুরু

অন্যবার সকাল ১০টায় পরীক্ষা শুরু হলেও এবার যানজটের কথা বিবেচনা করে বেলা ১১টায় এ পরীক্ষা শুরু হবে। আগের মতোই শিক্ষার্থীদের পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট আগে কেন্দ্রে ঢুকতে হবে। অনিবার্য কারণে কোনো পরীক্ষার্থীকে এরপরও ঢুকতে দিলে হলে তার নাম, রোল নম্বর, দেরিয়ে কারণ ইত্যাদি একটি নিবন্ধন খাতায় লিপিবদ্ধ করে ওই দিনই সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে পাঠাতে হবে।

আর কোন সেট প্রশ্নপত্রে পরীক্ষা হবে, তা পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে সংশ্লিষ্ট ব্যক্তিদের জানানো হবে। জরুরি যোগাযোগের কারণে শুধু ছবি তোলা যায় না—এমন একটি সাধারণ মুঠোফোন ব্যবহার করতে পারবেন কেন্দ্রসচিব। পুনর্বিন্যাস করা পাঠ্যসূচির ভিত্তিতে হচ্ছে এবারের পরীক্ষা। এ জন্য পরীক্ষার সময় তিনি ঘণ্টা থেকে কমিয়ে দুই ঘণ্টা করা হয়েছে।

২১ দিন কোচিং সেন্টার বন্ধ থাকবে

এসএসসি ও এইচএসসি পরীক্ষার জন্য প্রতিবছরই কিছুদিনের জন্য কোচিং সেন্টারগুলো বন্ধ রাখা হয়। এবার ১২ সেপ্টেম্বর থেকে আগামী ২ অক্টোবর পর্যন্ত ২১ দিন দেশের সব কোচিং সেন্টার বন্ধ থাকবে।

সংবাদ সম্মেলনে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. আবু বকর ছিদ্রীক, কারিগরি ও মাদ্রাসা বিভাগের সচিব মো. কামাল হোসেন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক নেহাল আহমেদ, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকারসহ বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা উপস্থিত ছিলেন।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২২ প্রথম আলো